~~ভোরের কাগজ~~ সংবাদ

সংবাদ

4 APR 2004

১২

# শিক্ষা ক্যাডারের আরও ১৫ সদস্যকে সরিয়ে উপসচিব নিয়োগ

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** শিক্ষা ক্যাডারের আরও ১৫ কর্মকর্তাকে অপসারণ করে বিসিএস প্রশাসন ক্যাডারের উপসচিবদের পোস্টিং দেয়া হয়েছে। সরকারের এই পদক্ষেপের প্রতিবাদে দেশের প্রায় সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

শিক্ষা প্রতিমন্ত্রী ১লা এপ্রিল বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সঙ্গে বৈঠকে শিক্ষা ক্যাডারের ১২ জন প্রকল্প কর্মকর্তাকে অপসারণ করে সেসব পদে উপসচিবদের

শিক্ষা ঃ পৃঃ ১১ কঃ ৩

## শিক্ষা ঃ ক্যাডার

( ১২ পৃষ্ঠার পর )

পদায়নের আদেশ বাতিলের আশ্বাস দেন। কিন্তু সে আশ্বাস অনুযায়ী কাজ না করে আরও ১৫ জন শিক্ষা ক্যাডারের কর্মকর্তাকে অপসারণ করে সেসব পদে উপসচিবদের পদায়ন করা হয়েছে। যাদের অপসারণ করা হয়েছে তারা হলেন টেক্সট বুক বোর্ডের সচিব, সদস্য (টেক্সট) ও সদস্য (ফিন্যান্স), নায়েমের পরিচালক (প্রশাসন), মাদ্রাসা বোর্ডের পরীক্ষা পরিচালক (প্রশাসন) কারিগরি শিক্ষা বোর্ডের সচিব।

বৃহস্পতিবার এর প্রতিবাদে ঢাকার বিভিন্ন সরকারি কলেজের শিক্ষকরা প্রতিবাদ সভা করেছেন।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এই পদক্ষেপের প্রতিবাদে আজ সকাল ১০টায় শিক্ষাবিদ ইনস্টিটিউট, ৩৩, তোপখানা রোডে প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছে।

এক বিবৃতিতে সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ কফিল উদ্দিন ও মহাসচিব আই.কে সেলিম উল্লাহ খোন্দকার এই পদায়নকে নজিরবিহীন ঘটনা বলে উল্লেখ করেছেন। এই ঘটনা প্রশাসনে বিশৃঙ্খলা সৃষ্টি করবে এবং গণতান্ত্রিক সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করবে বলে তারা বিবৃতিতে উল্লেখ করেন।